গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা।

## সংবাদ গতিধারা

**ঢাকা, বৃহস্পতিবার ২১ মে ২০১৫, ৭ জ্যৈষ্ঠ ১৪২২**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। প্রতিবন্ধীদের কল্যাণ নিশ্চিত করার নির্দেশ প্রধানমন্ত্রীর

২। কৃষিতে অবদান রাখায় প্রধানমন্ত্রীকে যুক্তরাষ্ট্রের বিশ্ববিদ্যালয়ের সম্মাননা

৩। মালয়েশিয়া ও ইন্দোনেশিয়ায় ঠাঁই হবে ৭০০০ অভিবাসীর
: ত্রিদেশীয় পররাষ্ট্রমন্ত্রীদের বৈঠকে সিদ্ধান্ত

৪। মানবতাবিরোধী অপরাধের ১৮তম রায়ে মাহিদুর ও আফসারের আমৃত্যু কারাদণ্ড
: হত্যা লুট অপহরণ নির্যাতন অগ্নিসংযোগসহ ২ অপরাধ প্রমাণিত

৫। মালয়েশিয়ায় বৈধকর্মী প্রেরণ অনেকটাই অনিশ্চিত

৬। দক্ষিণ-পশ্চিমের ১২ জেলায় পরিবহণ ধর্মঘট : চরম ভোগান্তিতে দূরপাল্লার যাত্রীরা

৭। বর্জ্য ব্যবস্থাপনায় তিন সিটি কর্পোরেশনকে ৯৭ কোটি টাকা দেবে জাপান

৮। এই প্রথম বাজেটে থাকছে শিশু বাজেট

৯। মেয়াদ বাড়ানোর মধ্যে ঘুরপাক খাচ্ছে ওষুধ শিল্প পার্ক

১০। দুই কোটি টাকার ওষুধ জব্দ

চলমান পাতা/২

১। প্রতিবন্ধীদের কল্যাণ নিশ্চিত করার নির্দেশ প্রধানমন্ত্রীর

প্রধানমন্ত্রী শেখ হাসিনা প্রতিবন্ধী ব্যক্তিদের যথোপযুক্ত সেবা প্রদানসহ তাদের কল্যাণ নিশ্চিত করতে সংশ্লিষ্টদের প্রতি নির্দেশ দিয়েছেন। একই সঙ্গে তিনি প্রতিবন্ধীদের কল্যাণের জন্য সরকারি উদ্যোগে সহায়তা করতে সমাজের সচ্ছল ব্যক্তিদের এগিয়ে আসার আহ্বান জানান। গতকাল ২০ মে বুধবার প্রধানমন্ত্রীর কার্যালয়ে জাতীয় প্রতিবন্ধী ফাউন্ডেশনের দ্বিতীয় বৈঠকে তিনি এ আহ্বান জানান। বৈঠকে প্রতিবন্ধী ব্যক্তিদের প্রয়োজনীয় সেবা দিতে জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশনের কার্যক্রম পর্যায়ক্রমে উপজেলা পর্যন্ত বিস্তৃতির সিদ্ধান্ত হয়। ফাউন্ডেশনের চেয়ারম্যান প্রধানমন্ত্রী শেখ হাসিনা বৈঠকে সভাপতিত্ব করেন। বৈঠকে প্রধানমন্ত্রী সরকারি ভাতাপ্রাপ্ত শারীরিক প্রতিবন্ধী সুবিধাভোগীর সংখ্যা বাড়ানোর ঘোষণা দিয়ে বলেন, আগামী অর্থবছর থেকে প্রতিবন্ধীরা ৫০০ টাকা করে মাসিক ভাতা পাবেন এবং সুবিধাভোগীর সংখ্যা ৪ লাখ থেকে বাড়িয়ে ৬ লাখে উন্নীত করা হবে। সূত্র-ইত্তেফাক (পৃ.১,ক.৭), ভোরের কাগজ (শেষ পৃ.,ক.২), জনকণ্ঠ (শেষ পৃ.,ক.২), সংবাদ (শেষ পৃ.,ক.২)।

২। কৃষিতে অবদান রাখায় প্রধানমন্ত্রীকে যুক্তরাষ্ট্রের বিশ্ববিদ্যালয়ের সম্মাননা

যুক্তরাষ্ট্রের কোরনেল বিশ্ববিদ্যালয় বাংলাদেশের কৃষিতে উন্নয়ন এবং খাদ্য নিরাপত্তা নিশ্চিত করতে বিশেষ অবদানের স্বীকৃতি হিসেবে প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে সম্মাননাপত্র দিয়ে সম্মান জানিয়েছে। বিশ্ববিদ্যালয়ের সফরকারী পরিচালক রোনি কোফিম্যান বিশ্ববিদ্যালয়ের প্রেসিডেন্টের পক্ষে গতকাল ২০ মে বুধবার প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করে সম্মাননাপত্রটি হস্তান্তর করেন। সূত্র-সংবাদ (শেষ পৃ.,ক.১), ইত্তেফাক (পৃ.১,ক.৬), জনকণ্ঠ (পৃ.১,ক.১), সমকাল (পৃ.১,ক.৮), ডেইলি সান (পৃ.১,ক.১), নিউ এজ (শেষ পৃ.,ক.৮)।

৩। মালয়েশিয়া ও ইন্দোনেশিয়ায় ঠাঁই হবে ৭০০০ অভিবাসীর : ত্রিদেশীয় পররাষ্ট্রমন্ত্রীদের বৈঠকে সিদ্ধান্ত

সাগরে ভাসমান ৭ হাজার অবৈধ অভিবাসীকে 'আপাতত' আশ্রয় ও মানবিক সহায়তা দিতে রাজি হয়েছে মালয়েশিয়া ও ইন্দোনেশিয়া। মানব পাচার নিয়ে সাম্প্রতিক সঙ্কটের পথ খুঁজতে গতকাল ২০ মে বুধবার কুয়ালালামপুরে ত্রিদেশীয় বৈঠকের পর মালয়েশিয়ার পররাষ্ট্রমন্ত্রী আনিফা আমান ও ইন্দোনেশিয়ার রিন্টো মার্সুদির এক যৌথ বিবৃতিতে এই ঘোষণা আসে। থাইল্যান্ডের উপ-প্রধানমন্ত্রী ও পররাষ্ট্রমন্ত্রী তানাসাক প্রতিমাপ্রগর্নও এই বৈঠকে অংশ নেন। সূত্র-যায়যায়দিন (পৃ.১,ক.২), সমকাল (পৃ.১,ক.২)। ইত্তেফাক, সংবাদ, জনকণ্ঠ, ডেইলি স্টার, ডেইলি সান, নিউ নেশন, ইন্ডিপেনডেন্টসহ অপরাপর দৈনিক এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

৪। মানবতাবিরোধী অপরাধের ১৮তম রায়ে মাহিদুর ও আফসারের আমৃত্যু কারাদণ্ড

: হত্যা লুট অপহরণ নির্যাতন অগ্নিসংযোগসহ ২ অপরাধ প্রমাণিত

একাত্তরে মুক্তিযুদ্ধের সময় চাঁপাইনবাবগঞ্জের শিবগঞ্জে হত্যা, লুণ্ঠন, অগ্নিসংযোগের মতো মানবতাবিরোধী অপরাধে মাহিদুর রহমান ও আফসার হোসেন চুটুকে আমৃত্যু কারাদণ্ড দিয়েছেন আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল-২। তাদের বিরুদ্ধে আনা হত্যা, গণহত্যা, অপহরণ, আটক, নির্যাতন, লুণ্ঠন ও অগ্নিসংযোগের তিনটির মধ্যে দুটি অভিযোগ প্রমাণিত হওয়ায় এ দণ্ডাদেশ দেওয়া হয়। এটি আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের ১৮তম, আর ট্রাইব্যুনাল-২ এর দশম রায়। গতকাল ২০ মে বুধবার চেয়ারম্যান বিচারপতি ওবায়দুল হাসানের নেতৃত্বাধীন তিন সদস্যের আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল-২ এ মামলার রায় ঘোষণা করেন। সূত্র-সংবাদ (পৃ.১,ক.৬), সমকাল (পৃ.১,ক.৩), জনকণ্ঠ (পৃ.১,ক.৬), নিউ এজ (পৃ.১,ক.৭), ডেইলি স্টার (পৃ.১,ক.৬)।

৫। মালয়েশিয়ায় বৈধকর্মী প্রেরণ অনেকটাই অনিশ্চিত

মালয়েশিয়ায় বাংলাদেশের কর্মী নিয়োগের বিষয়টি অনিশ্চিত হয়ে পড়েছে। জি টু জি চুক্তিটি (সরকার টু সরকার) অকার্যকর হওয়ার আশঙ্কা দেখা দিয়েছে। সাগরে ভাসা অভিবাসীদের তীরে ভিড়তে না দেওয়ায় সমালোচনার মুখে পড়া মালয়েশিয়া কর্তৃপক্ষ আপাতত জি টু জি পদ্ধতিতে কর্মী নিয়োগ করবে না। কর্মী নিয়োগের বিষয়ে দুই দেশের মধ্যে গঠিত কমিটির বৈঠকও ডাকা হচ্ছে না। বর্তমান সঙ্কট শেষ না হওয়া পর্যন্ত কর্মী নিয়োগের সব প্রক্রিয়া স্থগিত রাখা হয়েছে। সূত্র-জনকণ্ঠ (পৃ.১,ক.৬)।

৬। দক্ষিণ-পশ্চিমের ১২ জেলায় পরিবহণ ধর্মঘট : চরম ভোগান্তিতে দূরপাল্লার যাত্রীরা

দেশের দক্ষিণ-পশ্চিমাঞ্চলের ১২ জেলায় পরিবহণ ধর্মঘটের কারণে চরম ভোগান্তিতে পড়েছেন দূরপাল্লার যাত্রীরা। গত ১৯ মে মঙ্গলবার রাতে সোহাগ পরিবহণের একটি বাসে ডাকাতির ঘটনায় মধুখালী পুলিশ চালক ও হেলপারসহ তিনজনকে গ্রেফতার করে। তাদের মুক্তির দাবিতে যশোরের পরিবহণ মালিক ও শ্রমিক সংগঠনের ডাকে এ ধর্মঘট আহ্বান করা হয়। ধর্মঘটের কারণে গত দুদিন ধরে সবচেয়ে বেশি বিপাকে পড়েছেন ঢাকাগামী যাত্রীরা। সূত্র-ইত্তেফাক (শেষ পৃ.,ক.২), সংবাদ ( পৃ.১,ক.৫), সমকাল (শেষ পৃ.,ক.৬)।

৭। বর্জ্য ব্যবস্থাপনায় তিন সিটি কর্পোরেশনকে ৯৭ কোটি টাকা দেবে জাপান

ঢাকা উত্তর ও দক্ষিণ এবং চট্টগ্রাম সিটি কর্পোরেশনের বর্জ্য ব্যবস্থাপনায় ৯৭ কোটি টাকা বা সাড়ে ১২ মিলিয়ন ডলার অনুদান দেবে জাপান সরকার। গতকাল ২০ মে বুধবার রাজধানীর শেরেবাংলা নগরের এনইসি সম্মেলন কক্ষে বাংলাদেশ ও জাপান সরকারের মধ্যে এ বিষয়ে অনুদান চুক্তি সই হয়েছে। বর্জ্য ব্যবস্থাপনার প্রকল্পটির

মোট ব্যয় ধরা হয়েছে ১৮৯ কোটি টাকা। ২০১৮ সালের মধ্যে এটি বাস্তবায়নের লক্ষ্য নির্ধারণ করা হয়েছে। অনুষ্ঠানে জানানো হয়, বর্জ্য সংগ্রহের জন্য অত্যাধুনিক যানবাহন, ১৫০টি কম্প্যাক্টর, কনটেইনার, ক্যারিয়ার ও ডাম্পট্রাক কেনা হবে। সূত্র-সমকাল (পৃ.১৪,ক.১), যায়যায়দিন (পৃ.৩,ক.৫), ইন্ডিপেনডেন্ট (শেষ পৃ.,ক.২), ডেইলি স্টার (পৃ.৩,ক.৪)।

৮। এই প্রথম বাজেটে থাকছে শিশু বাজেট

আসন্ন (২০১৫-১৬) অর্থবছরের বাজেটে শিশুদের কল্যাণ ও অধিকার সুরক্ষায় এবারের বাজেটে দেশে প্রথমবারের মতো শিশু বাজেট অন্তর্ভুক্ত করা হচ্ছে বলে জানিয়েছেন অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত। একই সঙ্গে বাজেটে শিশুদের জন্য বরাদ্দ করা অর্থ সঠিকভাবে ব্যয় হচ্ছে কি না, তা মনিটরিং করতেও বিশেষ ব্যবস্থা থাকবে বলে জানান তিনি। গতকাল ২০ মে বুধবার সচিবালয়ে শিশু অধিকার সম্পর্কিত সংসদীয় ককাসের প্রতিনিধিদের সঙ্গে এক প্রাক-বাজেট বৈঠকে তিনি এসব কথা জানান। সূত্র-সংবাদ (পৃ.১, ক.৬), প্রথম আলো (পৃ.১৩,ক.২), যায়যায়দিন (পৃ.১,ক.৫), ফিনানশিয়াল এক্সপ্রেস (পৃ.৩,ক.৭)।

৯। মেয়াদ বাড়ানোর মধ্যে ঘুরপাক খাচ্ছে ওষুধ শিল্প পার্ক

তিনবার মেয়াদ বাড়ানোর পরও শেষ হয়নি ওষুধ খাতের এপিআই শিল্প পার্ক স্থাপনের কাজ। প্রায় সাড়ে সাত বছরের এ প্রকল্পের কাজ শেষ করতে আবারও এক বছর মেয়াদ বাড়ানোর প্রস্তাব করা হয়েছে। তিন দফা মেয়াদ বৃদ্ধির পর আগামী জুনে অবকাঠামো নির্মাণ শেষ হওয়ার কথা থাকলেও তা হচ্ছে না। জানা গেছে, ২০০৮ সালে একনেকে অনুমোদন হওয়া এ প্রকল্পে এখন পর্যন্ত কেবল মাটি ভরাট ও কিছু অংশে সীমানা প্রাচীর নির্মাণ করা হয়েছে। ওষুধের কাঁচামাল উৎপাদনের এ পার্কে এখন পর্যন্ত কেন্দ্রীয় বর্জ্য শোধনাগার (সিইটিপি), ডাম্পিং ইয়ার্ড ও ইনসিনারেটর নির্মাণের মতো গুরুত্বপূর্ণ কাজ শুরু হয়নি। রাস্তা, ড্রেন, বিদ্যুৎ ও গ্যাস লাইন, ফায়ার সার্ভিস স্টেশন ও পানির সরবরাহ ব্যবস্থার কাজও অসমাপ্ত রয়েছে। সূত্র-সমকাল (পৃ.১৪,ক.২)।

১০। দুই কোটি টাকার ওষুধ জব্দ

ঢাকার হজরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর এলাকা থেকে গত ১৯ মে মঙ্গলবার সন্ধ্যায় প্রায় দুই কোটি টাকার ওষুধ জব্দ করেছেন শুল্ক গোয়েন্দা কর্মকর্তারা। শুল্কমুক্ত সুবিধার আওতায় তৈরি পোশাক কারখানার কাঁচামাল ঘোষণা দিয়ে পাকিস্তান থেকে এসব ওষুধ আনা হয়েছিল। সূত্র-প্রথম আলো (পৃ.৪,ক.৬), ভোরের কাগজ (শেষ পৃ.,ক.৪)।

সম্পাদকীয়

ক. প্রথম আলো : জাপান ইন্টারন্যাশনাল কো-অপারেশন এজেন্সির (জাইকা) দেওয়া অপটিক্যাল ফাইবার নেটওয়ার্ক স্থাপনের জন্য ২০০ কোটি টাকার ঋণ বাতিল করে দেওয়াতে উদ্বেগ প্রকাশ করে বাতিলের কারণ তদন্ত করে দায়ী ব্যক্তিদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার সুপারিশ;

খ. ইত্তেফাক : কঠোর শাস্তির ঘোষণা দেওয়ার পরও এইচএসসি পরীক্ষার প্রশ্নপত্র আবারও ফাঁস হওয়াকে শিক্ষা ক্ষেত্রের জন্য বড় সংকট উল্লেখ করে প্রশ্নপত্র ফাঁস রোধ করতে সরকারের পাশাপাশি শিক্ষক ও অভিভাবকদেরও সচেতন হওয়ার আহ্বান;

গ. জনকণ্ঠ : বুড়িগঙ্গা ও তার শাখা নদীগুলোকে দূষণ ও দখলমুক্ত করে নগরীকে বাঁচাতে কার্যকর উদ্যোগ নেওয়ার আহ্বান;

ঘ. সংবাদ : বিচার বিভাগের পূর্ণ স্বাধীনতার জন্য নিম্ন আদালতের নিয়ন্ত্রণ ক্ষমতা হাইকোর্টের হাতে ন্যস্ত করার সুপারিশ;

ঙ. সমকাল : শিক্ষার্থীদের নামমাত্র মূল্যে ল্যাপটপ কিনতে সহজ সুদে বাংলাদেশ ব্যাংকের ঋণ দেওয়াকে একটি ভালো উদ্যোগ উল্লেখ করে তার যথাযথ বাস্তবায়ন প্রত্যাশা;

চ. ডেইলি সান, নিউ এজ : ভেজাল ও নিম্নমানের ওষুধ প্রস্তুতকারক, সরবরাহকারী ও বিক্রেতার বিরুদ্ধে কঠোর ব্যবস্থার দাবি;

ছ. বাংলাদেশ টুডে : দেশে খাদ্য নিরাপত্তা নিশ্চিত করতে ভালো মানের বীজ প্রদান, আধুনিক কৃষি ব্যবস্থা গড়ে তোলা ও শস্য রাখার প্রয়োজন অনুযায়ী হিমাগার স্থাপনের ওপর গুরুত্বারোপ;

জ. নিউজ টুডে : শিশু শ্রম বন্ধে সবাইকে সচেতন হওয়ার পাশাপাশি একযোগে কাজ করার আহ্বান জানিয়ে সম্পাদকীয় প্রকাশ করেছে।

উপ-সম্পাদকীয়

সমকাল পত্রিকায় প্রকাশিত কলামে দেশের সম্পদের যথাযথ ব্যবহারের জন্য স্বচ্ছতা, জবাবদিহিতা ও সুশাসন অপরিহার্য শর্ত বলে উল্লেখ করা হয়েছে।

নিবন্ধ ও ফিচার

সংবাদ পত্রিকায় প্রকাশিত 'মানবপাচার ও বাংলাদেশ : ধরাছোঁয়ার বাইরে মূল অপরাধীরা' শিরোনামের নিবন্ধে সালিমা সারোয়ার মানবপাচার বন্ধ করতে এর পেছনের মূল পরিকল্পনাকারী ও নিয়ন্ত্রণকারী গডফাদারদের

চিহ্নিত করে কঠোর শাস্তির আওতায় আনতে হবে বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ফাহিমা/সাঈদা/বিপু/২০১৫/৯.০০ ঘণ্টা